

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১২৪. নামাযের বৈঠকে কিংবা অন্য কোন সময় 'আসসালামু 'আলাল্লাহ্' তথা আল্লাহ্ তা'আলার উপর শান্তি বর্ষিত হোক এমন বলা

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা রাসূল (সা.) সাথে নামায পড়ার সময় বসাবস্থায় বলতাম: ''আস্পালামু 'আলাল্লাহি করা 'ইবা-দিহী'' তথা সর্ব প্রথম আল্লাহ্ তা'আলার উপর শান্তি বর্ষিত হোক অতঃপর তাঁর বান্দাব্দের উপর। রাসূল (সা.) তা শুনে বললেন:

لاَ تَقُوْلُوْا : السَّلاَمُ عَلَى اللهِ ؛ فَإِنَّ اللهَ هُوَ السَّلاَمُ ، وَلَكِنْ إِذَا جَلَسَ أَحَدُكُمْ فَلْيَقُلْ : التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ ...

"তোমরা আল্লাহ্ তা'আলার উপর শান্তি বর্ষিত হোক এমন বলা না। কারণ, আল্লাহ্ তা'আলাই তো নিজেই শান্তি বর্ষণকারী। বরং তোমরা যখন বসবে তখন বলবেঃ ''আতাহিয়্যাতু লিল্লাহি …'' তথা সকল মৌখিক, শারীরিক ও আর্থিক ইবাদাত একমাত্র আল্লাহ্ তা'আলারই জন্য''।[1]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৯৬৮ ইবনু মাজাহ, হাদীস ৯০৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11374

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন